

ভোরের কণিকা

তারিখ ... ..  
কলা ... ..

১৯৫৩

## পার্বতীপুরে চাঁদার দাবিতে শিক্ষিকাকে মারপিট কুলে তাল

পার্বতীপুর প্রতিনিধি : পার্বতীপুরে এবার  
সন্ত্রাসীরা চাঁদার দাবিতে একজন কুল  
শিক্ষিকাকে মারপিট করে কুলে তাল  
খুলিয়ে দিয়েছে। এ ঘটনায় পার্বতীপুর  
উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতি গত  
বুধবার শহরে একটি বিক্ষোভ মিছিল  
প্রদর্শন শেষে সন্ত্রাসীদের গ্রেপ্তার ও দৃষ্টান্ত  
মূলক শাস্তির দাবি জানিয়ে উপজেলা  
নির্বাহী অফিসারের কাছে মারকলিপি  
দিয়েছে।

জানা গেছে উপজেলার হামিদপুর  
ইউনিয়নে অবস্থিত পূর্ব তকমেসপুর  
সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গত  
আগস্ট এলাকার চিহ্নিত সন্ত্রাসী সেকেন্দার  
আলী (পলাশ)সহ কয়েকজন সন্ত্রাসী  
কুলের শিক্ষিকা আফিজা বেগম  
(শেফালী)-এর কাছে চাঁদা দাবি করে।  
চাঁদা দিতে অপারগতা প্রকাশ করলে  
সন্ত্রাসীরা শেফালী (৪৫)কে কুল থেকে  
বের করে দিয়ে কুলে তাল লাগিয়ে দেয়।  
পরদিন ২৯ আগস্ট বিষয়টি উপজেলা  
শিক্ষা অফিসে জানানো হয়। এতে ক্ষিণ  
হয়ে পলাশ ও তার সঙ্গীরা গত সোমবার  
সকাল ১০টার দিকে কুলে গিয়ে  
শেফালীকে মারপিট করে গুরুতর আহত  
করে। অজ্ঞান অবস্থায় তাকে হাসপাতালে  
ভর্তি করা হয়েছে। এ ব্যাপারে ধানায়  
মামলা হয়েছে। গত বুধবার উপজেলার  
শিক্ষকরা বিক্ষোভ মিছিল করে সন্ত্রাসীদের  
গ্রেপ্তার দাবি করেছেন।